দৈনিক ইনকিলাব

তারিখ APR. 9.1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

৪৭

## "ত্রুটিপূর্ণ বাংলা সহপাঠ কি কোমলমতি" শিক্ষার্থীদের প্রেম শেখানোর জন্য?

গত ২২ মার্চ '৯৯ 'দৈনিক ইনকিলাবে' আদিগন্ত কলামে জনাব সজল কান্তি মণ্ডল সাহেবের "ত্রুটিপূর্ণ মাধ্যমিক বাংলা সহপাঠ কি কোমলমতি শিক্ষার্থীদের পরকীয়া প্রেম শেখানোর প্রথম পাঠ"? ফোকাস কলামটি কয়েকবার পড়লাম। তারপর লেখাটিতে বুঝা যায় তাঁর ধারাভাষ্যটি যুক্তিসম্মত। প্রখ্যাত সাহিত্যিক জহির রায়হানের 'হাজার বছর ধরে' উপন্যাসটি যদি নবম-দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য হয় তাহলে তাদের ভবিষ্যৎ বাণী কি দাঁড়াবে?' ১৪-১৫ বছরের কিশোর-কিশোরীদের জন্য যদি এখনই মকবুল ও টুনির প্রেম-শেখানোর উপন্যাস পাঠ্য করা হয় তাহলে অভিভাবকদের ডাক্তার-ইঞ্জিনিয়ার স্বপ্ন সব ভেঙ্গে যাবে। আজকাল ছেলে-মেয়েদের ক্ষেত্রে দেখা যায় এ সব প্রেমের উপন্যাস তারা পড়তে খুব আগ্রহী। তার মধ্যে যদি তাদেরই পছন্দনীয় এই উপন্যাস বই পুস্তকে ছাপিয়ে সরকার এদেশের ছেলে-মেয়েদের ভভিষ্যৎ নষ্ট করতে চায় তাহলে অভিভাবক মহলের প্রতি জুলুম করা হবে। 'হাজার বছর ধরে' উপন্যাসটি স্কুল ছাত্র-ছাত্রীদের মানায় না। তারা কলেজ স্টুডেন্ট নয়। এই বইটি প্রকাশ করার আগেই প্রকাশক এবং বোর্ডের চেয়ারম্যানসহ সকল কর্মকর্তার চিন্তা-ভাবনা করা উচিত ছিল। অনুশীলনীর অংশে যে কতকগুলো প্রশ্ন দেওয়া হয়েছে তা কোনভাবেই উপন্যাসের সাথে যুক্ত নয়। এখন দেশের অভিভাবকগণই বলবেন তা পড়লে ছেলে-মেয়েরা ভুল শিখবে এবং তাদের ক্ষতি হবে কি-না? নিশ্চই জনাব সজল কান্তি মণ্ডল সাহেবের লিখাটি ভুল নয়। বিষয়টির প্রতি সরকার, শিক্ষামন্ত্রী এবং সকল বোর্ডের চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করছি। নতুন বই প্রকাশ করে শিক্ষার্থীদের মঙ্গলের জন্য দেশের সকল নাগরিককে বিষয়টি লক্ষ্য করার জন্য অনুরোধ করছি।

—আকাশ চৌধুরী ভুলু, শিবগঞ্জ, সিলেট।